হোমিও মেডিক্যাল ক্লাব

মাসিক পত্রিকা

# HOMŒO MEDICAL CLUB PATRIKA

LIBRARY DEPT

THE CALCUTTA ... MEDICAL COLLEGE

VOL. 14 NO. 3 :: MAY - 1978

Complimentary Copy

# Contents :


Whither Homoeopathy in this
month of month, April ?
(Editorial)—Dr. N. K. Sarkar 64

Materia Medica Versified
Dr. Onkar Singh Khalsa 67

The use of two drugs in rapid
alternation—Dr. S. C. Roy 68

A few Homoeopathic suggestions
on ailments of infants
Dr. M. C. Dutt 70

টিস্যু রিমেডিস (Tissue remedies)
—ডাঃ নগেন নিয়োগী 73

টুকিটাকি – শ্রীদর্শক 78

অনুসন্ধানীর দৃষ্টিতে (পত্রোত্তর)
– ডাঃ সিমিলিয়া 81

সংবাদ পরিক্রমা 86

News & Views 91

Review 93

Physicians' Directory

# Homœo Medical Club Patrika

Monthly Bi-lingual (English and Bengali)

[ Journal of the Homœo Medical Club, West Bengal ]

ARTICLES : English/Bengali should be sent neatly and clearly typed/written in double space on one side of the paper and the name of the writer with complete address. Literature (Books/Journals) should be sent in Two Copies Addressed to The Publisher, Homœo Medical Club Patrika. Post Box No. 67. Howrah-711101.

Articles are ordinarily not returnable whether approved or not.

SUBSCRIPTION : Price per copy Re. 1·00, Yearly Rs. 10·00 (Ten) including Postage, Subscriptions are accepted from any issue/any time of the year.

Cheques and V-P-P are not acceptable, Subscription to be sent in advance to The General Secretary, Homoeo Medical Club West Bengal, 62/1, Netaji Subhas Road, Howrah-711101.

All Valid Members and life Members of Homoeo Medical Club West Bengal are entitled to get one copy of Patrika free of cost and Posted generally in ordinary Book Post on last week of every month. Yearly subscription for membership is Rs. Fifteen admission fee Rs. Five, and Life Member Rs. 250·00.

For all Correspondence & contract please address to :

General Secretary, Homœo Medical Club,

West Bengal, Post Box No. 67. Howrah-711101.

# NOTICE

( Executive Committee Members only )

**List of the Members :—**

1. Dr. Netai Charan Chakrabarty, 2. Dr. Pulin Behari Banerjee,
3. Dr. Sudhanwa Sarkar, 4. Dr. Nirmal Kumar Sarkar,
5. Dr.Arun Kumar Mittra, 6. Dr. Krishna Pada Karar,
7. Dr. Nemai Kumar, 8. Dr. Debi Pada Chakrabarty,
9. Dr. Bankim Kumar, 10. Dr. Tukaram Paul,
11. Dr. Bholanath Chakrabarty 12. Dr. Ramkrishna Ghosh Mondal,
13. Dr. Rakhal Raj Joardar, 14. Dr. Shyama Pada Ghosh,
15. Dr. Moni Bhusan Basu, 16. Dr. Baidya Nath Koley,
17. Dr. Pravat Kumar Gupta, 18. Dr. Kedar Nath Chakrabarty,
19. Dr. Sahadeb Shasmal, 20. Dr. Makhan Lal Ghosh,
21. Dr. Ardhendu Ghorui.

Above executive committee members for 1978 —80 was elected at the Annual General Meeting held on 14. 5. 78 under the Presidency of Dr. S. P. Ghosh. The office-bearers election will be held on 21. 5. 78 at 8 A. M. at 5, Subal Koley Lane, Howrah-1. All executive committee members are requested to attend the meeting punctually.

14. 5. 78.

Sd/- Arun Kumar Mittra
General Secretary,
Homoeo Medical Club West Bengal.

EDITORIAL :

# Whither Homoeopathy in this month of month, April ?

**Birthday Celebration** :—In this month of month, the birthday month of our Master Hahnemann there are some astounding News. The birthday is being celebrated throughout the country where speeches have been delivered to follow the footsteps of the father of Homœopathy to the letter. Though we are at a doubt how far we will follow the dictates of master Hahnemann throughout the year.

**Govt. Sponsored dispensaries** :—News goes that more than 150 Homœo dispensaries are going to be opened in West Bengal by the joint enterprise of Health and Panchayet department of Government of West Bengal. Sanction has already been given but for the election of Panchayet on 4th June it is being deferred. Hope, the present popular Government will spend no time in giving effect to this. The plan for opening these charitable dispensaries was made by the previous Government and we are thankful to them for this very constructive programme.

**Rural Health Worker** :—Health workers are being trained to deal with the primary health problems and primary treatment of the villagers with medicines of all Pathies. Let us hope and aspire that it be successful though we have doubt whether the health workers will be able to select the proper medicine with such a short training. Still we welcome the Govt's attitude to serve the ailing humanity.

**Leprosy clinic** :—On 16th April last newly constructed hospital building of Basu Memorial Leprosy clinic was opend at Malipanch ghora, Howrah, with this a homœo wing has also been opened. Dr. Dinabandhu Banerjee, the secretary in his report told that there is no preventive in leprosy, there are 32 lacs of leprosy patients in India, and a very costly and a long standing treatment is necessary for its cure. It is really very heartening to know that Allopathic and Homœopathic wings are running side by side thus ignoring the popular belief that the votaries of the two pathies are at daggers' drawn. Homœopathy can do marvel in skin diseases. Let us hope, our homœopaths will prove their mettle in this respect and thus prove that this pathy is suited not only for the treatment of children and old men. Let us with joint Effort put an end to this popular belief. If we are successful the cost of treament will also come down. An appeal has been made for funds (funds required at present is 4 lacs of rupees). Govt. and some benevolent persons and concerns have come forward with their helping hands but more contribu tion is required. Let us be up and doing in collecting it. I have seen the plight of cured patients in Purulia and Bankura. They are not accepted in the house for fear of fresh attack though it has been proved that 80% of the disease is not contagious. So people has to be enlightened on this and steps have to be taken for the rehabilitation and employment of cured patients. For this further provision of money is required. Govt. Physicians and public must think over it seriously.

**Radio news** :--A few years back no homœpthic news was broadcast, now both the Radio and Television is broadcasting the news and for the last two years a talk is being allowed on 10th April but we are sorry that taking advantage of this one renowned homœopath (Dr.P. Banerjee) has discussed, which is against true homœo principles. He has talked of mixed medicine and others. Hope, the AIR authorities will be

more careful in future in selecting persons for broadcasting on Homoeopathy. We put our vehement protest against the discussion of Dr. Banerjee.

**Obituary :**—We are shocked at the news of death of Sree Sukamal Kanti Ghosh, Editor, Jugantar on 19th April last. He was not only a great Journalist but also a great supporter of Homoeopathy. He opened on 15th April a charitable dispensary at Salt Lake, under the mangement of Rotary Club. He was the first patient of the dispensary for which he was very elated. That was his last public appearance. We expected much of him but the cruel hands of death have deprived us. Let his soul rest in peace.

23rd April 1978, Birthday of Sree Sankaracharya.

**—Nirmal Kumar Sarkar**

"Thank God, our Preserver, who
never forsakes us, and lead a
tranquil and contented life.
The Almighty demands nothing
more from you".

(Hahnemann to his children. Paris 10. 6. 1838)

# Materia Medica Versified

## DIGITALIS PATIENTS

DR. ONKAR SINGH KHALSA, NEW DELHI-8

Digitalis is indicated in patients
having pulse irregular, very slow ;
Start from sleep with dreams horrible
are extremely woe.

Suffer from muscular debility
despondency or nervous prostration ;
Attacks of violent palpitation
caused by slight provocation.

Congestion, enlargement, soreness
or tenderness about the liver ;
Awful sinking in stomach
stools sluggish, white-ash coloured.

Taste sweet, abnormal thirst
but loss of appetite ;
Persisting nausea excited by
smell of food or even its sight.

Enlarged prostate glands
in old bachelors or old men ;
Dropsical swelling of genitals
Gonorrhoea or troubles urine.

Filling of lungs causing
much difficulties of respiration ;
Cardiac Cough brought on at night
by fear of sufocation.

# "The Use of two Drugs in Rapid Alternation".

By Dr. S. C. Roy. *D.M.S. (Cal.)*
C.M.O. Simla Seva Somity, Calcutta.

Those who are in favour of the use of two Drugs in combination argue that when Drugs such as Cal. Sulph ; Ars. Iod or Carbon Sulph etc., which are nothing but the combination of two different elements or group of elements, can be used, why not there two Drugs both of which have got partial indication in a particular patient can be used in the aforesaid manner ?

They also say that though substances such as Calc. Sulph etc. are produced by Chemical combination, yet when in solution the component parts Ionise and remain separately in the solution producing certain symptoms, when taken by a patient, referable to the individual Ions. Thus in Ars. Iod, we find in addition to its own special symptoms referable to the individual Ions "As and I".

Now the real solution of the problem is found in chemistry. Most of the above mentioned bodies are compounds technically known in chemistry as "Salts" each possessing two component parts as radicles combining with each other with stable bonds of Union. In Ars. Iod for instance, one component radicle is "As 2" and the other "I" each of which is supposed to carry opposite kind of elective charges, one radicle of positive and the other a negative charge. The combination of these radicles is merely the neutralisation of the opposite electric charges.

[ Reprint from the C.H.M. College Magazine, 1971-72 under ]

The combinations here is a natural one. It is just like the Conjugal Union of a happy couple. It is this combinations what the whole universe is tending to.

The component parts form a harmonious one without clashing with each other. The whole universe is the result of union of these two opposite forces, one being positive and the other negative, one "Purusha," the other "Prakriti".

Thus the compound such as Ars. Iod, Calc. Sulph etc ; are substances in which the different parts combine with each other strictly in accordance with some definite Laws, and the fitness of the combining radicles for combining with each other has been determined by some all knowing invisible mind and not by Tom and Dick, who put together Rhus Tox and Bryonia and give them to their patients without having the least idea of the effect that might be produced from these artificially combined drugs in the human system. Besides all these naturally combined substances have definite homœopathic provings, affording positive indications for their use.

God and Doctor we alike adore
But only when in danger, not before.
The danger is over, both are alike requitted
God is forgotten, and the doctor neglected.

—**Jhon Owen**

# A Few Homoeopathic Suggestions on Ailments of Infants

By Dr. M. C. Dutt.
M.Sc; D.Sc; M.D.(H);
MHMS; MHCF; HMB;
MHPA; LHMP.

1. A dose of Sulphur 200 in 2 globules of size 20,given as early as possible after birth, will render infants immune to skin diseases.

2. When family history reveals infantile skin diseases in the parents, a suitable antipsoric may be administered on expectant mother to prevent recurrence in new issues. Merc. Bin 30, is one of the best in the matter.

3. Where a history of Gonorrhoea or Syphilis is traced in parents, Medorrhinum 200 or Syphilinum 200 as the case may be can be administered on expectant mother in a single dose.

4. Effects of V. D. passed on to infants from parents resulting in ophthalmia can be set right by Argent Nitr. 200 by repeated doses.

5. Psorinum child is normal during day but troublesome at night, as Lycopodium child is troublesome during day but becomes quiet at night. Psorinum 30 for Psorinum child and Lycopodium 200 for Lycopodium child may be used.

6. Most of the ailments of suckling babies yield to few doses of Chamomilla 30.

7. When the Child does not allow physician to feel pulse Antim Tart 6 may be considered indicated.

8. Child craving to eat odd things indicates Alumina 6.

9. Glandular swellings and salivation are prominently featured in Merc Sol. 6 or 30.

10. In all ailments in general of leucophlegmatic constitution (fair, fat, flabby, large head, chalky look) Calcarea Carb 30 should be considered.

11. While Cina 30 leads in worms, Calc Carb 30, to be considered as constitutional remedy. Under Caladium 6, worms escape into vagina causing violent itching.

12. Ailments attributed to so called Calcium defficiency yield to Calc-Carb 30 and Calc-Phos 30 ( used alternately ).

13. While Bryonia 30 leads in dry bowels, Calcarea, Silicea & Sulphur 30 are costitutional remedies in constipation of infants.

14. Aconite 12, leads in fevers of infants and an effective prophylaetic is provided in Sulph 200 (Single dose).

15. Sulphur 30 is the constitutional remedy for 'very dirty' children inclined to lick secreted mucus etc.

16. Troublesome mischievous children, always out to do something objectionable, yield to a dose of Tuberculin 1 M.

17. Aethusajis 6 is the chief remedy for vomiting and purging of curdled milk.

18. Irritable, spiteful mood leads to Chamomilla 30.

19. Mag Phos 6 & Natrum Phos 6 alternated to replace gripe wator (used alternately)

20. Cramps, convulsions, coldness and collapse co-exist in Cuprum 6.

21. A dose of Drosera 30 (not to be repeated) found to be the most efficacious remedy for whooping cough.

22. Calc. Carb 30 the constitutional remedy for delayed dentition suits when teeth out slowly and when intolerance of milk is observed. It is also the chief remedy for rickets, pale, dwarfish, children.

23. Hypericum 3 may be used for any kind of cuts and wounds resulting from cuts, both internally till cured and externally for bandage.

24. Arnica 30 can be administered after a fall, till the pain subsides.

25. Cantharis Q may be applied directly on the burns.

26. Cow Pox vaccination trouble may be safely handed by a single dose of Thuja Q.

27. Violent itching indicates sulpher 200 (single dose).

28. Micturition, abnormal, burning, painful emission, drop by drop is cured by Cantheris 3.

29. In many chest troubles a teaspoonful of pure glycerine taken 3 times a day has a healing effect.

30. Cold, with thin, irritating discharge, calls for Ars. Alb 3.

31. Acute Inflamation, septic tonsillitis, calls for alternate use of Gunpowder 3 and Baryta Carb 6 for few weeks.

> "Never trouble trouble till trouble troubles you". —Hahnemann

# টিস্যু রিমেডিস

( Tissue Remedies )

ডাঃ নগেন নিয়োগী—M. B. (Hom.)

আমাদের ম্যাটেরিয়া মেডিকায় বারটি ঔষধকে টিস্যু রিমেডিস্ অথবা শুশলার রিমেডিস বলা হয়। এদের মধ্যে মাত্র দুইটি ঔষধ হ্যানিম্যানের চিররোগ চিকিৎসা (Chronic Diseases) বইয়ে স্থান পেয়েছে। এই সব ঔষধের একটিও হ্যানিম্যানের ম্যাটেরিয়া মেডিকা পিউরায় নেই। কিন্তু ডাঃ শুশলারের আগে হ্যানিম্যানের কালে অনেক হোমিওপ্যাথিক চিকিৎসক খুব সম্ভব এগুলো ব্যবহার করে থাকবেন। তবে ডাঃ শুশলা এই ঔষধগুলোকে নব জন্ম দিলেন। ইংরাজী ১৮৭৩ সালে ডাঃ শুশলার "সংক্ষিপ্ত হোমিওপ্যাথিক চিকিৎসা" ("Shortened Homœopathic Therapentics") নাম দিয়ে জার্মানীর একটি হোমিওপ্যাথিক জার্নালে লিখলেন এক সারগর্ভ প্রবন্ধ যাকে বলা হয় 'বাইওকেমিক' চিকিৎসা পদ্ধতি। এই রচনা সম্বন্ধে জার্মানীতে ও অ্যামেরিকায় বহু চিকিৎসকের চিন্তাধারায় আলোড়ন এসেছিল ও নানাবিধ বিপরীত সমালোচনা হয়েছিল। তবু অনেকে টিস্যু রিমেডিস সম্বন্ধে সচেতন হয়ে উঠলেন ও চিকিৎসা সুরু করলেন।

ডাঃ হুইল হেলস্ শুশলা জার্মানীর ওলডেন্ বুর্গ সহরে ইং ১৮২১ সালে জন্মেছিলেন ও ১৮৯৮ সালে পরলোক গমণ করেছিলেন। তাঁর যখন ২২ বছর বয়স সেই সময় হ্যানিম্যান মারা যান। তাই খুব সম্ভব হ্যানিম্যানের জীবিত কালে ডাঃ শুশলা তাঁর চিকিৎসা সুরু করতে পারেন নি। পরবর্তী কালে তিনি হোমিওপ্যাথি চিকিৎসা আরম্ভ করে তাঁর টিস্যু রিমেডিস হোমিওপ্যাথির মতে ব্যবহার করতে সুরু করলেন যদিও তিনি সমেনশমং (law of similars) সূত্র অস্বীকার করতেন। সে যাই হোক পরবর্তী কালে তিনি বিখ্যাত

চিকিৎসক রূপে পরিগণিত হলেন ও তাঁর স্মৃতি সৌধ তৈয়ারী করলেন তাঁর চিন্তাধারা দিয়ে।

সন্দেহ নেই এই বারটি ঔষধ হোমিওপ্যাথিক ম্যাটেরিয়া মেডিকায় শুশলারের পূর্বে স্থান পাওয়ার যোগ্য ছিল। যদিও পরবর্ত্তী কালে ডাঃ শুশলা এগুলোকে জনপ্রিয় করে তুললেন ও হোমিওপ্যাথিক চিকিৎসায় নিজের আসন সুপ্রতিষ্ঠা করেছিলেন। নিশ্চিতভাবে বলা যায় হোমিওপ্যাথিতে এটা তাঁর বিশেষ দান ও স্মরণযোগ্য কাজ। তাঁর নিকট আমরা ঋণী।

বাইওকেমিক মতবাদ হলো : দেহের ভিতর যে রস, রক্ত ও অন্যান্য দৈহিক উপাদান (Tissue) রয়েছে সেইগুলোর মধ্যে কোন কোন মৌলিক পদার্থের হ্রাস এবং সেজন্য কতকগুলো রোগ লক্ষনের সৃষ্টি হওয়া। আর এই হ্রাস প্রাপ্ত জিনিসগুলো বাহির থেকে যদি পূর্ণ করা যায় তবে রোগী আরোগ্য হবার অবস্থায় থাকলে আরোগ্য হবে। এই চিকিৎসা পদ্ধতি হোমিওপ্যাথিক চিকিৎসা পদ্ধতির থেকে আলাদা। যেখানে হোমিওপ্যাথিক চিকিৎসায় মাত্র একটি ঔষধ ব্যবহার করার রীতি, সেখানে বাইওকেমিক চিকিৎসায় দুই তিনটি ঔষধ একসঙ্গে ব্যবহার করা হয় ও চিকিৎসকের কল্পনায় স্থান রয়েছে।

ডাঃ শুশলারের দুইটি ঔষধ নেট্রামমর ও সাইলিশিয়া হ্যানিম্যানের 'ক্রনিক ডিজিসেস্' পুস্তকে বর্ণিত হয়েছে। এই দুইটি ঔষধ অত্যন্ত উঁচুদরের। শুশলার নিজেও নেট্রামমর ঔষধটিকে-রোগ চিকিৎসায় ব্যবহার করে মুগ্ধ হয়েছিলেন। হোমিওপ্যাথিক চিকিৎসায় নেট্রামমর উচ্চ শক্তির ব্যবহারে অত্যন্ত ফলপ্রদ হয়। নেট্রামমর লবণ জাতীয় পদার্থ - সোডিয়াম ক্লোরাইড—যে লবণ আমরা খাবারের সঙ্গে খাই। দেহের মধ্যে লবণের প্রাচুর্য হলে অথবা লবণ স্বল্প হলে অনেক রকম রোগ লক্ষণ সৃষ্টি হয়। এ ছাড়া বহুরকম বিভিন্ন লক্ষণেও নেট্রাম একটি প্রশংসিত ঔষধ। নেট্রামের রোগী সর্দির প্রবণতায় ভুগে ও অনেক সময় তাদের ঘাড়-গলা শীর্ণ হয়ে যায়। রাত্রে দেহে ঘাম হয় এবং অল্প পরিশ্রম করলে ক্লান্ত হয়ে পড়ে। বেশীর ভাগ রোগী কোষ্টকাঠিন্যে ভোগে। সকালের দিকে - বেলা বারটারমধ্যে রোগ বেড়ে যায় এবং

রাত্রেও বাড়ে। নানারকম চর্ম রোগের লক্ষণও দেখা যায়। এই ঔষধটি একটি উচ্চমানের সোরায় –(Antipsoric)। দীর্ঘদিন গলায় কোন অস্বস্তি ও বেদনা থাকলে এই ঔষধটি ব্যবহার করা যেতে পারে। ৬X এর নীচে ব্যবহার করা ঠিক না। উচ্চশক্তি অনেক বেশী ফলপ্রদ।

শিলিকা বা সাইলিশিয়া—বালুকণা। ডাঃ ক্লার্ক বলেছেন: "শক্তির অভাবে যে কোন রকম মানসিক ও দৈহিক পরিশ্রম করার অনিচ্ছা শিলিকার বিশেষ লক্ষণ"। সব কিছুতেই রোগী বিরক্ত হয় ও রেগে ওঠে। পালসেটিলা ব্যবহার করার পর যেখানে কিছুটা আরোগ্য হয়ে আর উপকার হয় না সেখানে শিলিকা ভাল কাজ করে। অনেকক্ষেত্রে পালসেটিলার পরিপূরক। দেহের কোথাও কাঁটা ফুটে থাকে বা অন্য কোন জিনিস বিদ্ধ হয়ে পুঁজোৎপত্তি হলে সাইলিশিয়া পুঁজ নিবারণ করে ও কাঁটাটি বের করে দেয়।

ক্যালিফস্ফরিকাম—মন ও স্নায়ুর উপর বিশেষরূপে কাজ করে। বলা চলে ক্যালিফস্ অনেকটা পালসেটিলার সহযোগী। যেখানে পালসেটিলা কাজ করেনা সেখানে অনেক ক্ষেত্রে ক্যালিফস্ বিশেষ উপকার করে। বাতের বেদনায় ক্যালিফস্ অনেকটা হ্লাসটকস্-এর অনুরূপ। আস্তে আস্তে নাড়লে, কোন কিছু খেলে কোন রূপ উত্তেজনায় এবং বন্ধু-বান্ধবের সংশ্রবে আরাম বোধ, ঠাণ্ডায় সব রকম যন্ত্রনা বাড়ে। রাত্রি দুটো থেকে সকাল পাঁচটা পর্যন্ত রোগ বৃদ্ধি হয়। ক্যালিফসের রোগী বেশীর ভাগ অনিদ্রায় কষ্ট পায়। স্নায়বিক দুর্বলতার জন্য অল্প পরিশ্রমে কাতর হয়ে পড়ে। ৬X ট্রাইট্রেশন কাজ করে।

ফেরামফস – এটি শুশলারের নিকট জ্বরের ঔষধ বলে চিহ্নিত ছিল। কিন্তু এটা অন্যান্য অনেক রোগে ভালকাজ করে। শিশুদের সর্দি জ্বর ও প্রদাহ জনিত জ্বরে উত্তম কাজ করে। ৩X ট্যাবলেট ও বিচূর্ণ-এর মাধ্যমে বিশেষ ফলপ্রদ। এটি রক্ত সঞ্চালন ক্রিয়া (Circulatory System) তথা হৃৎপিণ্ড, শিরা ও উপশিরার ওপর কাজ করে। ধৈর্য্য ধরে ঔষধ দিয়ে অপেক্ষা করতে হয়। দ্রুত ঔষধ পরিবর্তন করা ঠিক নয়। অন্য টিস্যু রিমেডিস এর সঙ্গে

অদল বদল করে ব্যবহার করলে ভাল কাজ পাওয়া যায়। এই একটি ঔষধ যাকে আমাদের এই ব্যস্ততার যুগে মনে রাখা উচিৎ। যখন আমাদের ভেবে চিন্তে ঔষধ নির্ণয় করার সময় থাকেনা তখন ফেরামফস রোগের বাহ্যিক প্রকাশ ও গতি দেখে ব্যবহার করা যায় ও ফল পাওয়া যায়। অনেক সময় একোনাইট-এর সমগোত্র।

ম্যাগনেশিয়া ফস—কোন রকম ব্যথা ও বেদনার ক্ষেত্র পেলে ম্যাগ-ফসের কথা মনে আসে। তাই বলে লক্ষণ না পেলেও যে ব্যথায় এর ব্যবহার করা সঙ্গত হবে তা নয়। ব্যথা বেদনায় ৩X ও ৬X ব্যবহারে ভাল ফল পাওয়া যায়। এটা দক্ষিণ পার্শ্বের রোগের ঔষধ। গরমে; চাপ দিলে ও টিপলে ব্যথার উপশম হয়। রোগী যেন ক্লান্ত হয়ে পড়ে। প্রায়ই ব্যথা সুতীব্র হয়। চেপে ধরা ও বিদ্যুৎ-এর ন্যায় হঠাৎ ব্যথা তীব্র হয়। ব্যথা অনেক সময় স্থান পরিবর্তন করে। ডিউএ এবং বোরিকের 'বারটি টিস্যু রিমেডিস' (Twelve Tissue Remedies) বইয়ে বলা হয়েছে অনেক ক্ষেত্রে ব্যথা না থাকলেও ম্যাগনেশিয়া ফস প্রয়োজন হয়।

ক্যালি মিউরিটিকাম – কানের রোগের পক্ষে ক্যালিমিউর একটি উৎকৃষ্ট ঔষধ। ইহা প্রায়ই কানের পুঁজ উৎপত্তির ক্ষেত্রে ব্যবহার হয়। পুঁজ খুব ঘন সাদা ও সুতার মত লম্বা হয়ে বের হয়ে আসে। পালসেটিলার পুঁজ অনেকটা হলদে।

ক্যালি সাল্‌ফিউরিকাম – এই ঔষধটির পালসেটিলার সঙ্গে মিল আছে। যদিও পালসেটিলা ব্যবহারের স্থান অনেক বিস্তৃত। প্রথমদিকে কানের প্রদাহে খুব কার্যকরী হয় না। পুঁজের রঙ হলদে ও গাঢ়। ক্যালি মিউরের পরে ক্যালিসালফ ভাল কাজ করে। বলা যায় সহযোগী (Complementary)।

নেট্রাম সালফিউরিকাম – ইহা লিভারের রোগের একটি উঁচুদরের ঔষধ। কামলা (Jaundice) রোগের ঔষধ। পীতবর্ণ স্রাব, জিহ্বা গাঢ় হলদে সমস্ত লক্ষণ সাধারণতঃ বর্ষাকালে ও স্যাঁৎসেঁতে আবহাওয়ায় বেড়ে যায়।

গরমকালে শুষ্ক আবহাওয়ায় উপশম। হোমিওপ্যাথিক চিকিৎসার উচ্চশক্তিতে ভাল কাজ করে। প্রাচীন পীড়ার চিকিৎসায়, বিশেষ করে গণোরিয়ার কুফল থেকে যে সব চর্মরোগ হয়, পেটের উপদ্রব থেকে হাঁপানী হলে একটি কার্যকরী ঔষধ। ইহা কার্যক্ষেত্রে বহু বিস্তৃত।

নেট্রামফসফোরিকাম – ইহা শুশলারের উত্তম অম্লের ঔষধ (Sour remedy)। রোগী এসে প্রায়ই বলবে "ডাক্তার বাবু, বড়ই অম্লে ভুগছি। যা খাই সব টক-টক লাগে"। সকাল ও সন্ধ্যাবেলায় সব লক্ষণ বেড়ে যায়। প্রাচীন পীড়ার চিকিৎসায় নেট্রাম মার্কের মত উপযোগী। জিহ্বা ভয়ানক অপরিষ্কার থাকে।

ক্যালকেরিয়া সালফিউরিকা—হিপার সালফারের সঙ্গে সমতুল্য। বারটি টিস্যু রিমেডির মধ্যে এটি অপেক্ষাকৃত কম ব্যবহার হয়। হিপার সালফার অনেক বেশী উঁচুদরের ঔষধ ও বহু ব্যবহৃত।

ক্যালকেরিয়া ফ্লুরুটা – শুশলারের 'হাড়ের লবণ' (bone Salt) বলা চলে। হাড়ের ব্যথা, বৃদ্ধি ও দাঁতের নানাবিধ রোগে কার্যকরী ঔষধ। অনেক ব্যবহার হয়। অনেক বলেন চোখের ছানীতেও উপকার হয়। টিউমার রোগেও ব্যবহার হয়।

ক্যালকেরিয়া ফসফরিকা – এটি একটি উঁচুদরের ঔষধ। তরুণ রোগের পর শারিরীক দুর্বলতায় ক্যালকেরিয়াফস্ ভাল কাজ করে। শিশুদের পক্ষে ও যৌবন উন্মেষ কালে মেয়েদের পক্ষে খুবই উপযোগী। নড়াচড়ায় অনেক রোগ লক্ষণ বাড়ে, বিশ্রামে উপশম বোধ করে। শীর্ণ শিশুর পুরাতন কাশিতে প্রায়ই ব্যবহার হয় এবং ভাল ফল পাওয়া যায়। সামান্য বাতাসে বা ঠাণ্ডায় বাতের বেদনা বাড়ে। শির দাঁড়ায় (Spine) একরকম ব্যথা যা সহজে আরোগ্য হতে চায় না।

এই বারটি টিস্যু রিমেডিস এর মধ্যে ফেরাম ফস, ক্যালিফস, ক্যালকেরিয়া ফস, ম্যাগনেশিয়া ফস এবং নেট্রাম সব বিশেষ প্রয়োজনীয় ঔষধ। যে কোন হোমিওপ্যাথিক চিকিৎসকের পক্ষে এগুলোকে বাদ দিয়ে চিকিৎসা চালানো একরূপ প্রায় অসম্ভব।

# টুকিটাকি

—শ্রীদর্শক

পশ্চিমবঙ্গের প্রতিনিধিদের স্থান কেরালা হাউসে দুইজনেই সমপন্থী বলে কি ? কেরালা থেকে অনেকেই দলত্যাগ করে গেলেন পার্শ্ববর্তী প্রদেশ উড়িষ্যা ভবনে পাড়ি জমাতে এটাও কি ভারতের রাজনীতির সঙ্গে তাল ফেলে ?

কেরালা ভবনের নতুন দড়ির খাটিয়া ( বাংলায় যা ভবনদীর পারে যাবার সময় ব্যবহৃত হয় ) আর হোমিওপ্যাথদের ভবিষ্যৎদের স্বর্গীয় আনন্দোৎসবের ঠেলায় পরদিন পালাই পালাই ডাক তার উপর কপির তরকারী আর ভাত মৎস্যলোভী বাঙ্গালীরা খাওয়া থাকার ব্যবস্থা নিজেরাই করলেন। জামসেদপুরে কি কৃষ্ণনগরে আজ না হলে তাঁরা এমন আপ্যায়ণ শিখলেন কি করে ?

জামসেদপুর কংগ্রেসে যেন বিক্ষুব্ধদের মেলা। সাংগঠনিক সম্পাদক ও সভাপতি পরস্পরের বিরুদ্ধে বিক্ষোভ প্রকাশ করছেন সম্মেলনের দোষ ত্রুটীর জন্য। বেচারা ডাঃ এন, পি, রায় নবগঠিত এড হক কাউন্সিল সভ্য তাঁকে কেউ খাতিরই করছে না। তিনি সভা করে চলেছেন বিক্ষুব্ধদের নিয়ে দোষ কিন্তু তৃপ্তি সমাপ্তি সভাকে প্রতিনিধি সভা বলে গৃহীত হলো যেখানে তিনি নিয়মমাফিক সম্মেলন হয়নি বলে ব্যক্তকণ্ঠে সক্ষম হলেন। সত্যই পতাকা উত্তোলন, প্রতিনিধি সভা ইত্যাদি হয়নি।

বিক্ষুব্ধ ডাঃ জুম প্রমুখ দিল্লীবাসীরা যারা হেরে গেছেন তারা চেয়ার দখল করবেন এটা তাঁদের অনভিপ্রেত। সত্যই ডাঃ হরিশচাঁদের মত এত বিজ্ঞ এবং স্বনামধন্য চিকিৎসক এবং ডাঃ রাস্তোগীর মতন এমন অক্লান্ত কর্ম্মী দিল্লীতে মনোনীত হতে পারলেন না আর আশ্চর্য পিছনের দরজা দিয়ে তাঁদের ঢোকার ব্যবস্থা কর্তে হলো। দিল্লী কি দলীয় রাজনীতিতে বাংলার সার্থক উত্তরসুচী

হচ্ছে ? জুম সাহেবরা অনেক নাচানাচি করলেন এমন অন্যায় হতে দেবেন না কিন্তু কি এক আশ্চর্য্য নিয়মে মনোনয়ন শান্তিতে হয়ে গেল—এ যেন পি সি সরকারের ম্যাজিক।

বাংলা দেশ থেকে এসেছিলেন ডাঃ আলি হাসান, নজমুল হক, ডাঃ বিজয় দত্ত, ডাঃ সিদ্দিক রহমান, ডাঃ এস আব্দুল্লাহ, ডাঃ বি কে কর প্রমুখেরা। তাঁরাও বিক্ষুব্ধ, কারণ কেউ দেখেনা তাঁদের—ডাঃ রবি ঘোষ ও ডাঃ এস সরকার তাদের ছবি তুলে আনন্দ দিলেন আর ডাঃ নির্ম্মল সরকার, ডাঃ কে পাইন, ডাঃ প্রভাত গুপ্ত সঙ্গ দিয়ে তাঁদের বিক্ষোভ প্রশমিত করলেন।

আহা টাকার কি সদ্ব্যবহার, ৭৫ টাকা, ১০০ টাকা দিয়ে মাছ কিনে খাওয়া, ৮ টাকা দিয়ে শহর দেখা, ৪ টাকা দিয়ে নাচ দেখা। এত সস্তায় আনন্দ উপভোগ সোজা কথা।

ভাগ্য সুপ্রসন্ন থাকলে সব হয়—রবি চ্যাটার্জী (বেনারস), মঞ্জু লাফিয়ে উঠে মনোনয়ন পেয়ে সহ-সম্পাদক, ডাঃ মজুমদার দৌড়াদৌড়ি করে পদন্নোতি। পূর্ব্ব জোনের কেউ আসে নি তার জোরে মনিপুরের প্রতিনিধি সহ সম্পাদক, ভাগ্যিস আজীবন সভ্য ছিলেন তাই হরিশচাঁদ আর ভোলা মুখার্জীর জাত বাঁচল। ভাগ্যিস জামালপুরে সম্মেলন তাই ডাঃ এস পি চ্যাটার্জীও তক্তে বসতে পেলেন।

বিক্ষুব্ধ যিনি সভ্যরা তাঁদের আমন্ত্রণ করে নির্বাচনের সময় হলে প্রবেশ করতে না দিয়ে দোতলায় প্রমোশন দেওয়া হয়েছিল।

বিক্ষুব্ধ সাধারণে ভাল batch পাওয়া যায় নি ব্যাগও না Stall ও আসেনি যে টুকিটাকি পাওয়া যাবে। কর্ত্তাব্যক্তিরা আলাদা থেকেছেন খেয়েছেন বলেও সাধারণরা বিমুখ। সরকার এলার্জি হয়েছে হোমাই এ তাই দেখে এখানে আসেনি সরকার এস ডি। জে এন বা বি কের মতন প্রোথিতযশা হোমিওপ্যাথ —বোধ হয় এমন নির্ম্মল স্থানে তাঁরা অপাংক্তেয়।

বাংলা থেকে নির্ম্মল গেলেন প্রদোষ এলেন এবার জ্যোতি নিশ্চয়ই প্রকাশিত হবে। পশ্চিমবাংলার কর্ত্তা গৌরী সুলভ লজ্জা নীরব—খালি আপত্তি নেই শব্দে সোচ্চার হয়ে গৌরীনাথ হলেন। ডাঃ অনঙ্গ চক্রবর্ত্তী নামের

সার্থকতানুযায়ী স্ত্রী প্রতিনিধিত্বের দাবী তুললেন।

তাজ্জব কাণ্ড যাঁরা সম্মেলনের বিভিন্ন উপসমিতিতে বিরাজমান তাদের বেশীর ভাগেরই দেখা পাওয়া গেল না সম্মেলনে কেউ বা এলেন দ্বিতীয় দিনে গেলেন একদিন বাদেই—এরা কমাণ্ডার লোক ত তাই ঘরে বসেই সম্মেলন সার্থক করেছেন।

হাওড়া সম্মেলনে সাংবাদিকদের খাতির করেছিলেন খুব, নির্মলদা (হিমাংশু মুখোপাধ্যায়) বলার পর চা এল অর্থাৎ আজ সাংবাদিকদের লাইনে দাঁড়িয়ে চা নিতে হয়নি – কম খাতির।

টিপ করিয়া তাল পড়ে না তাল পড়িয়া টিপ করে এই রকম বিচারের মতনই বিজ্ঞান সভায় আলোচনা চলে – হ্যাঁ আমরা জ্ঞানী হয়েছি সমালোচক হয়েছি তার নিদর্শন সম্মেলন যখন ডাইয়াবিটিস সম্বন্ধে আলোচনা স্থির করেছে তখন রোগ নিয়ে আলোচনার স্থান এবার বলে আলোচনা হাস্যকর। অদ্ভুত স্মৃতিশক্তি আমাদের হোমিও কর্ণধারদের মাত্র তিন মাস আগে গৃহীত প্রস্তাব যা নিয়ে ঘন্টাব্যাপী আলোচনা দিল্লীতে হল তা বেবাক ভুলে গিয়ে উল্টো গাইলেন অনেকে ( Unit না Member ) এটা ইচ্ছাকৃত বিস্মৃতি নয় তো ?

সদিচ্ছা থাকলে কিনা হয় তিন মাস আগে গৃহীত প্রস্তাব (Nominated Member) নয় প্যাচ ফেলে গৃহীত হয়ে গেল। একেই বলে গণতন্ত্র।

এবারে এক সর্ব্বভারতীয় সংস্থার পশ্চিমবঙ্গ শাখায় ক্রীড়া প্রতিযোগিতা হয়ে গেল সেখানে গত বৎসরের তুলনায় ক্রীড়ামোদির সংখ্যাল্পতা হয়েছে বলে সংবাদ সভ্যরা কি বুড়ো হয়ে গেলেন – না অন্য কিছু তবে সংবাদ প্রকাশ ৬০।৬৫ র যুবকরা যথারীতি এসেছিলেন – অভাব ছিল বালখিল্যদের তারা বোধ হয় জামসেদপুর রণাঙ্গণ থেকে ফিরে ক্লান্ত হয়ে পড়েছেন। প্রথম দিনে অ হোমিওপ্যাথিক আলোচনায় সম্ভাবনায় কর্তৃপক্ষ মঞ্চে হ্যানিম্যানের প্রতিকৃত না রেখে সুবুদ্ধি পরিচয়ই দিয়েছিলেন। মুক্ত সম্মেলনে সবার কণ্ঠে প্রদোষের জয় জয়কার সত্যই এ সম্মেলনে প্রকৃষ্ট্য দোষ – তার কমই ছিল। কারণ প্রতিদিন জামার রঙ বদলালে সবার সঙ্গে রং মিশতে পেরে ছিল।

এই দর্শকের অভিমতের জন্য সম্পাদক দায়ী নন।




[ মতামতের জন্য সম্পাদক দায়ী নয় ]

ডাঃ নিমাই ঘোষ, হুগলী।

প্রশ্ন : বর্তমান কালের পুরাতন ব্যাধিগুলির চিকিৎসায় হোমিওপ্যাথিতে আগেকার দিনের মত সুফল না পাওয়ার কারণ কি ?

উত্তর : সুফল পাওয়া যাচ্ছে না একথা সত্যি নয়। তবে আগেকার দিনের চেয়ে আজকাল অনেক ক্ষেত্রে আধুনিক আশু আরাম প্রদায়ী সাংঘাতিক ধরণের এ্যালোপ্যাথিক ওষুধ ব্যবহারে বিফল হওয়া রোগীদের মধ্যে এটা বেশী ঘটছে। যেমন উদাহরণ স্বরূপ বলা যায় ব্রংকাইটিস্ ও হাঁপানি রোগে বহুদিন এলোপ্যাথিক ওষুধে চিকিৎসায় বিফল রোগীদের চেয়ে যাঁরা প্রথম অবস্থাতেই অথবা ঐ ধরণের আধুনিক এ্যালোপ্যাথিক ওষুধে চিকিৎসা না করে হোমিওপ্যাথিক চিকিৎসার জন্য আসেন তাঁরা শীঘ্র ও স্থায়ী আরোগ্য হন। প্রসঙ্গক্রমে বলা যায় যে আজকালের অধিকাংশ পুরাতন ব্যাধি ঐ ধরণের ওষুধের চিকিৎসায় আরও জটিল হয়ে

মহাত্মা হ্যানিমান কথিত কৃত্রিম পুরাতন রোগে (Artificial Chronic disease) পরিণত হয়। এটা চর্মরোগ থেকে মানসিক রোগের ক্ষেত্রেও ঘটেছে।

বাঁচাবার জন্য ও জীবন শক্তিকে সতেজ করার জন্য টনিক বা ভিটামিন দেওয়া অন্যায় নয়। তবে সেটা অস্থায়ী হওয়া দরকার এবং সময়মত সদৃশ্যমতে চিকিৎসা এবং পুষ্টিকর ভিটামিন যুক্ত খাদ্য (পরিপোষক বা Maintaining Cause এর ক্ষেত্রে) দেওয়া দরকার। একই পরিবারের ৫ জনের মধ্যে যদি একজনের রক্তশূন্যতা দেখা দেয় তবে টনিক দিয়ে বা রক্ত দিয়ে রোগমুক্ত করা যাবে না। দরকার চিকিৎসার দ্বারা রক্তশূন্যতার কারণ দূর করা। আবার ঐ পরিবারের ৫ জনেই যদি পুষ্টিকর খাদ্যের অভাবে বিভিন্ন ধরণের রোগে নিজস্ব প্রবনতা অনুযায়ী ভোগে তবে সেখানে ওষুধের চিকিৎসায় লাভ হবে না। দরকার খাদ্যের বা সাময়িক ভাবে জরুরী ক্ষেত্রে টনিক ভিটামিনের। মহাত্মা হ্যানিমান অর্গাননের ৪র্থ অধ্যায়ে একথা।

শ্রীবিমল রায় (ছাত্র)।

প্রশ্ন : মহাত্মা হ্যানিমান টনিক, ভিটামিন, ইত্যাদির বিরোধী ছিলেন কিনা ?

উত্তর : মহাত্মা হ্যানিমান তাঁর লেখার মধ্যে কোথাও টনিক, ভিটামিন ইত্যাদি নিয়ে বেশী মাথা ঘামাননি। তবে তিনি বলেছেন যে রক্ত চাপের রোগীর রক্ত বের করে দিলে যেমন রোগী স্থায়ী আরোগ্য হয় না তেমনি রক্তশূন্য রোগীকে রক্তদান করলেই রোগী সুস্থ হয় না। অর্থাৎ রোগীর ভিতরের যে বিশৃঙ্খলার জন্য রক্তচাপ, রক্তশূন্য ইত্যাদি দেখা দিয়েছে তাকে চিকিৎসার দ্বারা দূর করা দরকার। অবশ্য জরুরী ও মরণাপন্ন রোগীর ক্ষেত্রে হ্যানিমান সাময়িক উপশমের জন্য ঐ ধরণের Palliative চিকিৎসা করতে উপদেশ দিয়েছেন। সুতরাং যদি জীবনী শক্তির বিশৃঙ্খলার জন্য অথবা প্রয়োজনীয় খাদ্যের অভাবে রোগীর অভাবজনিত রোগগুলি (dificiency disease) দেখা দেয় তবে খুব জরুরী ক্ষেত্রে রোগীকে কয়েকদিনের জন্য।

শ্রীমতী সুষমা সেন, কলিকাতা-৫।

প্রশ্ন : হোমিওপ্যাথিতে জন্মনিয়ন্ত্রণের ঔষধ আছে কিনা জানাবেন।

উত্তর : এক কথায় জানাচ্ছি নাই। ভবিষ্যতে হবেও না। যদি কখনও হয়; তবে, নিশ্চয়ই শুদ্ধ হোমিওপ্যাথি নীতিতে হতে পারে না। যে হোমিও-প্যাথিতে এখনও বিশেষ ক্ষেত্র ছাড়া, রোগ প্রতিরোধ করার ওষুধ হোমিওপ্যাথির নীতি মেনে আবিষ্কার করা সম্ভব হচ্ছে না; সেক্ষেত্রে জন্ম প্রতিরোধ করার নীতি কিভাবে হোমিওপ্যাথিতে সম্ভব। হোমিও-প্যাথি হচ্ছে, সদৃশ লক্ষণ মতে রোগ আরোগ্য পদ্ধতি। মায়ের গর্ভে সন্তান জন্মগ্রহণ করা রোগ নয়। বরং মায়ের গর্ভে সন্তান না আসাই হচ্ছে রোগ। তবে, হোমিওপ্যাথি মানুষের অস্বাভাবিক কামপ্রবৃত্তিকে দমন করে সুপ্ত সোরাকে সুপথে চালিত করিয়ে এবং মানুষকে সংযমী করে; পরোক্ষভাবে, জন্ম নিয়ন্ত্রণে সাহায্য করতে পারে। অন্য যে কোন ভাবে একে দমন করলে মনের মধ্যে প্রতিক্রিয়া সৃষ্টি করে, ক্ষতি করবেই। সুতরাং সংসারে থেকে সব কিছু বজায় রেখে কেবল বল প্রয়োগ করে জন্মনিয়ন্ত্রণ করলেই পৃথিবীতে সুখ-শান্তি সুলভ হবে না।

শ্রীদেবাশীষ সান্যাল (পাঁশকুড়া, মেদিনীপুর)।

প্রশ্ন : যে কোনও প্রকার জ্বরেই কি বিশ্রামের প্রয়োজন?

উত্তর : হ্যাঁ, জ্বরের সময় বিশ্রাম অবশ্যই প্রয়োজন। জ্বরে, দেহের তাপমাত্রাই শুধু বাড়ে না, উপরন্তু, শ্বাসকার্য্যের গতিবেগ, হৃদযন্ত্রের স্পন্দনের হার প্রভৃতি সকল জৈবনিক কাজের হার বেড়ে যায়। ফলে, মৌল বিপাক (ব্যাসাল মেটাবলিক রেট) বা B M.R. দ্বিগুনের চেয়েও বৃদ্ধি পায়। কারণ, প্রানীর বিশ্রামাবস্থায়ও দেহের শক্তি নির্গত হয়। অতএব, জ্বরাবস্থায় পরিশ্রম করলে, অপচিতির হার বেড়ে যাবে, অর্থাৎ শরীরের গঠন ক্রিয়ার চেয়ে ধ্বংস ক্রিয়াই বেশী হবে। ফলে, ক্রমাগত শরীর দুর্বল হয়ে পড়বে। শরীরের জ্বরাবস্থায়, পরিশ্রম ঘটলে তাপমাত্রা

আশুবৃদ্ধির সম্ভাবনা, এমনকি মৃত্যু হওয়াও অস্বাভাবিক নয়। সেইজন্যই জ্বরে সম্পূর্ণ বিশ্রাম অবশ্যই প্রয়োজন।

কুমারী মঞ্জুশ্রী বসু (উলুবেড়িয়া, হাওড়া)।

প্রশ্ন : আমি সংগীত শিক্ষা করি। অনেকে কচু ভক্ষন করতে আমাকে নিষেধ করেছেন, মিষ্ট কণ্ঠস্বর বজায় রাখার জন্য। এ বিষয়ে আপনার মতামত জানতে চাই।

উত্তর : কচু খাদ্য হিসাবে সাধারণের পক্ষে খুব পুষ্টিকর খাদ্য ; কারণ, কচুতে প্রচুর পরিমাণে কার্বোহাইড্রেট, প্রোটীন ও ভিটামিন থাকে। তবে কচুতে ক্যালসিয়াম অক্স্যালেট নামক রাসায়নিক পদার্থের কেলাস থাকায় অনেকের কচু ভক্ষনে কণ্ঠস্বর বসে যায় এবং কর্কশ হয়।

শ্রীরবীন দে (উত্তর পাড়া, হুগলী)

প্রশ্ন : আমরা স্বপ্ন দেখি কেন ?

উত্তর : সুপ্তিকালীন কল্পনাকে স্বপ্ন বলা হয়। ফ্রয়ড্ এর মতে অবদমিত বা ব্যহত ইচ্ছা আমাদের স্বপ্নের প্রতিরূপ গুলির বিন্যাস নিয়ন্ত্রন করে। স্বপ্ন সম্বন্ধে অন্য ব্যাখ্যাও আছে। বিস্তারিত আলোচনার সুযোগ পেলে জানাব।

মহঃ সুলতান, মহঃ আব্দুল রউফ (ইটিণ্ডা, বসির হাট, ২৪ পরগণা)

প্রশ্ন : (১) ক্যান্সার রোগের ক্ষেত্রে কি ভাবে তেজস্ক্রিয় বিকিরণ প্রয়োগ করে চিকিৎসা করা হয় ?

(২) এবং ঐ রোগ চিকিৎসায় সাধারণতঃ কি তেজস্ক্রিয় পদার্থ ব্যবহৃত হয়ে থাকে ?

উত্তর : (১) জৈব পদার্থের তেজস্ক্রিয় বিকিরণের কার্য্যকারিতার উপর নির্ভর করেই ক্যান্সার রোগের চিকিৎসায় এই বিকিরণ প্রয়োগ করা হয়। জৈব পদার্থে বিকিরণ প্রয়োগ করলে কোষ বিভাজন শুরু হতে দেরী হয় ; কোষ বিভাজন বন্ধ হয়ে যায় কিংবা কোষ হঠাৎ বা ধীরে ধীরে ধ্বংস হয়ে যায়। কোষ ও বিকিরণের উপর তা নির্ভর করে। দেহের কোন অংশের কোষ বা কোষ সমষ্টি যদি দূষিত কিংবা প্রানঘাতী হয়, তবে সেখানকার কোষগুলি বিভাজন প্রক্রিয়ার মাধ্যমে খুবই দ্রুত বৃদ্ধি পায়। এ অবস্থায় দেহের ঐ অংশটী ক্যান্সার রোগ দ্বারা আক্রান্ত হয়েছে বলা যায়। অংশটীকে বিকিরণ প্রয়োগ করলে তার প্রভাবে দূষিত কোষগুলিতে দ্রুত পরিবর্ত্তন ঘটে ; কোষের অস্বাভাবিক বৃদ্ধি বন্ধ হয়ে যায় এবং এমনকি কোষগুলি বিনিষ্ঠও হয়। এজন্যই ক্যান্সার রোগের চিকিৎসায় বিকিরণকে কাজে লাগান হয়ে থাকে।

(২) ক্যান্সার রোগের চিকিৎসা বিভিন্ন পদ্ধতিতে রেডিয়াম এবং র‍্যাডন খুবই সাফল্যের সঙ্গে ব্যবহৃত হয়। তবে রোগ নির্ণয় এবং নিরাময়ের ক্ষেত্রে আরও কতবগুলি তেজস্ক্রিয় আইসোটাপ প্রয়োগ করা হচ্ছে। এদের মধ্যে তেজস্ক্রিয় আয়োডিন ১৩১, কোবাল্ট ৬০, সোনা-১৯৮, ফস্‌ফরাস ৩২ ইত্যাদির নাম উল্লেখযোগ্য। রোগ গ্রস্থ অংশের অবস্থা এবং গতি-প্রকৃতির উপর নির্ভর করে ঐ রোগের চিকিৎসায় আইসোটাপ নির্ধারিত হয়ে থাকে।

———

# সংবাদ পরিক্রমা

মহাত্মা হ্যানিম্যানকে শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠান প্রতি বৎসরের মতন এবারেও বিভিন্ন স্থানে সাড়ম্বরে পালিত হইয়াছে।

গত ৯ই এপ্রিল, মণিপুর বারোয়ারীতলা, হুগলীতে চুঁচুড়ার ডাঃ জে. এন. সাধু ও ডাঃ এস দত্ত রায়ের উদ্যোগে জনস্বাস্থ্যে আদর্শ গ্রাম (হুগলীতে ৮ম) উদ্বোধন ও হোমিও দাতব্য চিকিৎসালয়ের উদ্বোধন হয়। সভাপতিত্ব করেন, জাতীয় সেবা প্রকল্প বিভাগ প্রধান (কলিকাতা বিশ্ববিদ্যালয়ের) অধ্যাপক সলিল বন্দ্যোপাধ্যায়। উদ্বোধক ছিলেন আদর্শ গ্রাম প্রকল্প প্রবক্তা ডাঃ দীনবন্ধু বন্দ্যোপাধ্যায়। প্রধান অতিথি ছিলেন হুগলীর মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ কমল কুমার বন্দ্যোপাধ্যায়। বিশেষ অতিথি ছিলেন সাংবাদিক মুকুল সরকার, হোমিও পত্রিকা সম্পাদক ডাঃ নির্ম্মল সরকার, সংগঠক ডাঃ রামকৃষ্ণ ঘোষ মণ্ডল ও ডাঃ মাখন ঘোষ। এরা ছাড়া বক্তব্য রাখেন গোপাল ঘোষ। শ্রীপাঁচকড়ি ঘোষের বদান্যতায় (ইনি জমি দেন) এই উদ্বোধন সম্ভব হয়। এই অনুষ্ঠানে হ্যানিম্যানের প্রতিও শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। ডাঃ মণি সরকারের গৃহে সমাগত অতিথিদের ভুরি ভোজে আপ্যায়িত করেন গ্রামবাসীগণ।

১০ই এপ্রিল প্রভাতে তারকেশ্বর শাখা কর্তৃক হ্যানিম্যান জন্মোৎসব পালিত হয়। এই উপলক্ষ্যে তারকেশ্বরে মেলায় একটি দাতব্য হোমিও ক্যাম্প উদ্বোধন করা হয়। রামনগরে ফলমূল রোগীদের বিতরণ করেন ডাঃ রামকৃষ্ণ ঘোষমণ্ডল। এবং উদ্বোধন করেন ডাঃ নির্ম্মল কুমার সরকার। ডাঃ বটকৃষ্ণ ঘোষ সমস্ত অনুষ্ঠানটি পরিচালনা করেন।

ঐদিন দুপুরে, হাওড়া মেডিক্যাল ক্লাব ভবনে এক মনোজ্ঞ বিজ্ঞান আলোচনার আয়োজন করেন হাওড়া সদর। প্রধান বক্তা ছিলেন ডাঃ ভোলানাথ চক্রবর্ত্তী। ডাঃ আর জোয়ারদার ও ডাঃ অরুণ মিত্র বক্তৃতায়

অংশগ্রহণ করেন। ডাঃ তুকারাম পাল ছিলেন ব্যবস্থাপনায়। ঐ দিন ডাঃ পুলিন বিহারী বন্দ্যোপাধ্যায়ের সভাপতিত্বে মহেশ ভট্টাচার্য্য হোমিও কলেজে মহাত্মা হ্যানিম্যানের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন ডাঃ ভোলানাথ চক্রবর্ত্তী ও কলেজের শ্রীপ্রতাপাদিত্য দত্ত প্রমুখ ছাত্ররা।

হোমাই পশ্চিমবঙ্গ শাখা সাউথ ক্যালকাটা কো-অর্ডিনেশন কমিটির উদ্যোগে কলিকাতা সিন্ধি পঞ্চায়েত হলে ৭ দিন ব্যাপী এক অনুষ্ঠানের সূচনা করেন। সভাপতিত্ব করেন ডাঃ কাঞ্জিলাল ও পরে পশ্চিমবঙ্গ সভাপতি ডাঃ এস বি সিংহ। ডাঃ পরমেশ বসুর বিজ্ঞানালোচনার পর শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন ডাঃ সুবীর অধিকারী, ডাঃ গৌরী মুখার্জী, ডাঃ বৈদ্যনাথ মিশ্র, ডাঃ বি কে রায়। শ্রদ্ধাঞ্জলী অত্যন্ত গতানুগতিক হয়। ব্যবস্থাপনায় ছিলেন ডাঃ শম্ভু চ্যাটার্জী ও তিমির বসু ঐ দিন ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী উৎসব সভাপতি ডাঃ নির্ম্মল সরকার ও আহ্বায়ক ডাঃ সঞ্জয় ব্যানার্জীর প্রচেষ্টায় অনুষ্ঠিত হয়। পুরস্কার বিতরণ করেন কলিঃ বিশ্ববিদ্যালয় উপাধ্যক্ষ ডাঃ সুশীল কুমার মুখার্জী। পরে বিচিত্রানুষ্ঠান হয়। উপস্থিতির সংখ্যা অত্যন্ত সীমিত ছিল। ঐ দিন ধন্যবাদ জ্ঞাপন করেন ডাঃ প্রদোষ মজুমদার ও শেষ দিনে ডাঃ রামকৃষ্ণ ঘোষ মণ্ডল।

ক্লাব কর্ত্তৃক ১১ই এপ্রিল কিশোরী ভবনে মহাত্মার ২২৪তম জন্মতিথি সাড়ম্বরে পালিত হয়। সভাপতিত্ব করেন হাওড়া বার্ত্তা সম্পাদক ডাঃ শম্ভু পাল। প্রধান অতিথি ডাঃ ডি পাল। হোমিও চিকিৎসায় হ্যানিমানের অবদান সম্বন্ধে মনোজ্ঞ আলোচনা করেন ডাঃ ভোলানাথ চক্রবর্ত্তী, ডাঃ রাখালরাজ জোয়ারদার প্রধান অতিথি ডাঃ ব্যাল, ডাঃ সুধন্ব সরকার ও ডাঃ নির্ম্মল সরকার। এছাড়া বক্তব্য রাখেন ডাঃ মাখন ঘোষ, ডাঃ বৈদ্যনাথ কোলে, ডাঃ কে কাঁড়ার, ডাঃ প্রভাত গুপ্ত। ধন্যবাদ দেন ক্লাব সম্পাদক ডাঃ অরুণ মিত্র। ব্যবস্থাপনায় ছিলেন ডাঃ বঙ্কিম কুমার, ডাঃ তুকারাম পাল—সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন ডাঃ নির্ম্মল সরকার, এই অনুষ্ঠানে ডাঃ কেদার চক্রবর্ত্তী, ডাঃ রামকৃষ্ণ ঘোষ মণ্ডল, ডাঃ শ্যামপদ ঘোষও বক্তব্য রাখেন। মাল্যভূষিত করেন ডাঃ চিত্তরঞ্জন আঢ্য।

গত ১৬ই এপ্রিল প্রাতে হাওড়া মালিপাচঘরায় বাসু মেমোরিয়াল লেপ্রসি ক্লিনিকের উদ্বোধন হয়। এর সাথে সাথে চর্ম্মরোগ ও কুষ্ঠ রোগের জন্য একটি হোমিও বিভাগও চালুকরা হয়। সভাপতিত্ব করেন ক্ষুদ্র শিল্প মন্ত্রী শ্রীচিত্তব্রত মজুমদার, উদ্বোধক ছিলেন স্বাস্থ্য মন্ত্রী শ্রীননী ভট্টাচার্য্য। এরা সাধ্যমত সরকারী সাহায্য দানে প্রতিশ্রুত হন। বক্তব্য রাখেন সম্পাদক ডাঃ দীনবন্ধু বন্দ্যোপাধ্যায়, হাওড়া জেলা শাষক শ্রীমতী মীনা চক্রবর্ত্তী, হাওড়া পৌরসভা সভাপতি শ্রীআলোক দূত দাস, হাওড়ার স্বাস্থ্য অধিকর্ত্তা ডাঃ এন. সি ঘোষ, ডাঃ বিলহটী ২২ বৎসর পূর্বের প্রতিষ্ঠাতা এম পি, শ্রীমিধ্বা, এম এল এ পতিত পাবন পাঠক, হোমিও উপদেষ্টা ডাঃ বি এন চক্রবর্ত্তী, জন নেতা শ্রীশিবনাথ ব্যানার্জী হাওড়া পৌর সভায় শ্রীঅনিল মুখার্জ্জী, শিল্প পতি শ্রীঅক্ষয় সুর, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাষ্টের শ্রীজ্ঞান সেন, হোমিও ক্লাবের সর্ব্ব ডাঃ নির্ম্মল সরকার, রামকৃষ্ণ ঘোষ মণ্ডল, মাখন ঘোষ, শ্যামাপদ ঘোষ, মণি বসু, আর্মি দাস, ডাঃ হুদা প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় বহু ব্যক্তি ও প্রতিষ্ঠান অর্থ ও ঔষধ দান করেন।

গত ১৫ই উলুবেড়িয়াতে এক আলোচনা সভায় উপস্থিত ছিলেন সর্ব্ব ডাঃ নির্ম্মল সরকার, ভবানী রায়, শান্তি দত্ত, রবীন ব্যানার্জ্জী, বিশ্বনাথ সেন প্রমুখ হোমিও চিকিৎসকবৃন্দ।

উড়িষ্যা হইতে সম্পাদক ডাঃ মোহান্তি তাদের সহ সভাপতি ডাঃ নির্ম্মল সরকারকে টেলিগ্রামে জানিয়েছেন যে গত ১৬ই এপ্রিলের ঘূর্ণি ঝড়ের জন্য আপাততঃ সর্ব্বভারতীয় সম্মেলন স্থগিত রহিল।

কোলাঘাটে হোমিও দাতব্য চিকিৎসালয় উদ্বোধন।

গত ১০ই মে অক্ষয় তৃতীয়ার পূণ্য প্রভাতে ভগবান মহাবীরের ২৫০০ তম নির্ব্বাণ সমাপ্তি উপলক্ষে মেদিনীপুরস্থ কোলাঘাটের দিগম্বর জৈন ভবনে পত্রিকা সম্পাদক ডাঃ নির্মল কুমার সরকারের সভাপতিত্বে একটি হোমিও দাতব্য চিকিৎসালয়ের উদ্বোধন হয়। উদ্বোধন করেন অধ্যাপক (ডাঃ) রামকৃষ্ণ

ঘোষ মণ্ডল। অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন ডাঃ মাখন ঘোষ ও ডাঃ সঞ্জয় বন্দ্যোপাধ্যায় (মহেশ ভদ্র কলেজ অধ্যাপকদ্বয়) ও শ্রীরমেন দাস, শ্রীছোট্ট লাল, জৈন পত্রিকা সম্পাদক শ্রীনিমাই পাটীরিয়া. সম্পাদক শ্রীবিনেন্দ্র কুমার জৈন, স্থানীয় চিকিৎসক ডাঃ কানাই লাল পাত্র। সঙ্গীত পরিচালনা করেন শ্রীশ্রাবনী মাইতি (তবলা—বিজয় খান)। সভাপতি ও অন্যরা মহাবীর ও মহাত্মা হ্যানিম্যানের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। সংস্থা সভাপতি শ্রীবিজয় কুমার জৈন ও সহোযোগী শ্রীতারাপদ দাস সভায় সুষ্ঠু ব্যবস্থাপনায় ছিলেন।

হাওড়ায় অবস্থান ঃ-
গত ৩রা মে হাওড়া রোটারী ক্লাবের আহ্বানে ডাঃ রামকৃষ্ণ ঘোষ মণ্ডল হোমিওপ্যাথি সম্বন্ধে বক্তব্য রাখেন। আলোচনায় অংশ গ্রহণ করেন উপাধ্যক্ষ ডাঃ পুলিন ব্যানার্জ্জী, ডাঃ সহদেব শাসমল, ডাঃ বৈদ্যনাথ কোলে, এডভোকেট শ্রীসুব্রত বন্দ্যোপাধ্যায় ব্যবস্থাপনায় ছিলেন।

মামুদপুর, হুগলী।

গত ৩০শে এপ্রিল সারাদিন ব্যাপি উৎসবের মাধ্যমে হ্যানিম্যান জন্ম জয়ন্তী পালিত হয়। চুঁচুড়ার ডাঃ জে এন সাধু, ডাঃ এস এন দত্ত রায় ও পূর্ণেন্দু চক্রবর্ত্তীর প্রচেষ্টায় শিশু স্বাস্থ্য প্রদর্শনী, হ্যানিম্যানকে শ্রদ্ধাঞ্জলি ও গ্রামীন জনস্বাস্থ্যে হোমিওপ্যাথির দান সম্বন্ধে আলোচনা হয় এবং সভান্তে চৌ ঘোড়ায় শতাধিক রোগীকে চিকিৎসা পত্র দেন ; কলিকাতা হইতে আগত বিশিষ্ট চিকিৎসকেরা। নির্দ্ধারিত সভাপতির পরিবর্ত্তে সর্ব্ব ডাঃ জে পি ঘোষ, (ডি এফ পি ও), গৌরাঙ্গ বন্দ্যোপাধ্যায় (এম ও), শম্ভুনারাণ চ্যাটার্জ্জী, রামকৃষ্ণ ঘোষ মণ্ডল, মাখন লাল ঘোষ, সাংবাদিক শ্রীদিগ্বীজয় চৌধুরী, সর্ব্ব ডাঃ দীনবন্ধু বন্দ্যোপাধ্যায়, নির্ম্মল সরকার, সুজিৎ দাস প্রমুখ বিশিষ্ট চিকিৎসকগণ এই অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন। শ্রীরাজেন্দ্র চক্রবর্ত্তী অতিথিদের ভোজনে আপ্যায়িত করেন।

হরিপাল, হুগলী – ঐ দিন দুপুরে দ্বীপায় ডাঃ বি মোদকের চিকিৎসালয়ে হ্যানিম্যান জয়ন্তী পালিত হয়। সভাপতিত্ব করেন পত্রিকা সম্পাদক ডাঃ নির্ম্মল কুমার সরকার। প্রধান অতিথি ছিলেন ডাঃ রামকৃষ্ণ ঘোষ মণ্ডল ও

বিশেষ অতিথি ডাঃ দীনবন্ধু বন্দ্যোপাধ্যায়। চিকিৎসা ক্ষেত্রে হ্যানিম্যানের অবদান সম্বন্ধে প্রধান বক্তা ছিলেন ডাঃ বটকৃষ্ণ ঘোষ। উক্ত আলোচনায় সভাপতি ও ডাঃ শম্ভু নারায়ণ চ্যাটার্জ্জীও অংশ গ্রহণ করেন। সর্ব্ব ডাঃ মাখন লাল ঘোষ, অজয় মুখার্জ্জী, রুদ্র গোপাল মুখার্জী, বেনী মাধব সাধুখাঁ, শৈলেন দে, কিউ এম হক, জয়দেব দাস, গোপাল মুখার্জ্জীরাও বক্তব্য রাখেন। কুমারী দুর্গা মোদক ও মহামায়া মোদক সঙ্গীত পরিবেশন করেন। গাছ-গাছড়াকে হোমিও ঔষধে ব্যবহৃত হয় ও চিত্রে হ্যানিম্যান জীবনীর এক মনোজ্ঞ প্রদর্শনী উদ্বোধনকরেন ডাঃ সরকার। ডাঃ বটকৃষ্ণ ঘোষ বিস্তৃত আলোচনা করেন ডাঃ মুখার্জী ধন্যবাদ দেন এবং ডাঃ এম এন হুদা সভার ব্যবস্থাপনা করেন।

— )0( —

' Nothing really good, really beneficial.
Can ever perish. but defies death and the grave."

—( About Hahnemann's discovery )

## NEWS & VIEWS

"Homoeopatia De Mexico" is planning its VIII General Assembly Preceeded by its 28th intensive course from 20th August to 26th August 1978. The following themes will be Covered :

1. The doctrine and principles from a simple and beginners points of view to the deopest Philosophic level.

2. Significance of aphorism 3, 9, 26, I48, 149, 152 and 153 of Hahnemann's Organou.

3. Aphorism 270 and observations with LM Potencies.

4. A review on the miasmatic Concept, miasms and miasmatic state.

5. Clinical session with a few patients.

6. Round Table Discussion.

There will be translation in Spanish, English and French.

Prof. Processo S. Ortega, who is the Head of this Organisation, will do a synthesis and emphasise the main concepts.

As a very special gesture, the Association has offered to the Indian participants, an exemption from the Registration charges and free board and lodging by lodging them in their homes, Provided they are informed by 30th June 1978.

All those interested may write to the following address.

Homoeopatia De Mexico, Av. Insurgentes 300
( Condominio Insurgentes )
Despachos : 1518 MFXICO 7, D. F. (MEXICO)

> May God, of whom I am
> but the instrument, bless the
> efforts if you labour for the
> medical reformation. So necessary
> for the good of mankind.
>
> —Hahnemann

## REVIEW

হোমিওপ্যাথিক পকেট প্রাকৃটিস গাইড/কাব্যে বাইওকেমিক পকেট মেটিরিয়া মেডিকা—ডাঃ রতিরঞ্জন মণ্ডল। প্রকাশক : রামকৃষ্ণ হোমিও হল, কামার পুকুর, হুগলী। মূল্য—প্রতি খণ্ড ১-৫০।

প্রথম পুস্তিকাটির পৃষ্ঠা সংখ্যা ৭২ ও দ্বিতীয়টির ১০৪। হোমিওপ্যাথি ও বাইওকেমিক চিকিৎসা বিজ্ঞানকে কত ক্ষুদ্রতম আকারে জন-মানসে প্রচার করা যায়, বোধ করি, গ্রন্থাকার সেই প্রচেষ্টায় আছেন। বিশাল চিকিৎসা বিজ্ঞানকে পকেটে রাখার চেষ্টাকে অভিনবত্ব বা নূতনত্বের দাবী করাও যায় না। এযেন, সিন্ধুকে বিন্দুতে আনার আশঙ্কা। আর, কাব্যের আঙ্গিকে চিন্তা করলে, ছন্দ, গতি, মিল বিহীন বাইওকেমিক মেটিরিয়া মেডিকা তো পটেন্সী (শক্তি) হীন। নতুন ও শিক্ষার্থীদের সহায়ক হবে, এটা ভাবাও বিভ্রান্তিকর।

—অ. কু. মি.

---

Word Index with Rubrics of Dr. Kent's Repertory Vol-1 by Dr. R. P. Patel, Published from Hahnemann House. College Road, Kottayam, Kerala, Pages 614, Price Rs. 25/-

Dr. Patel has to be congratulated for the laborious work. The book is the fruit of seven years' unstinted effort on Dr. Patel's part and we think this book will be of much help to the practitioners using Kent's Repertory. It will save their time for repertorisation. In writing this book Dr. Patel has made a marvel in selecting the Rubrics and it proves his insight in the matter. We think this book is a must for the busy practitioners using Kent's Repertory.

Labour day, 1978.

**Dr. Nirmal Kumar Sarkar**

# PHYSICIANS' DIRECTORY

Dr. K. N. Chakravarty M.B.S. (Hom) Asst. Prof. & Dy Vitg. Phy. M.B.H. Medical College & Hospital, 5, Subal Kolay Lane, Howrah. Chamber Hours : 8 to 12 noon and 8 to 10 P.M.

Dr. N. Kumar B. Sc. D.M.S, ·Hons. ( Cal. ) Lecturer M.B. Homoeo Medical College & Hospital, Resi : 12, Mahadeb Banerjee Lane, Howrah-1. Chamber—p-68 Natabar Paul Road, ( Manasatala ) Howrah-5. Hours—8 to 11 A. M. & 6 to 9 P. M.

Dr. Nirmal Kumar Sircar B.Sc. H.M.B., M.H.R. C., F.P. (Trained), Chief Editor. Resi. 235, P. T. Road., How-1. (Time : 6 to 10 P. M.) Ph. 67-3455. Office : Sc. College, 35-9187. (Extn. 19) ( 9 A. M. to 12 noon )

Dr. S. P. Ghosh BHAKTIRATNAM (Homoeo) Govt. Regd. N.F.W.P. Td. Resi. 54, Naskarpara Lane, Kasundia, Howrah-1. Phone : 67-3087

Dr. R. K. Ghosh Mondal M.B.S. (Hom.) 40/2, P. T. Road, How-1. Phone : 67-3970( 1 to 3 P.M. & 8 to 10 P.M.) Resi. 2, P. T. Road, Howrah-1. Phone : 67-3713.

Dr. K. P. Karar M.B.S. (Hom.) Lecturer & Dy. Visiting Physician, M.B.H. Medical College & Hospital. Ex-Senior House Physician, D. N. De Homoeo Medical College Hospital. 53/1, Swami Vivekananda Road, Howrah-4. Hours 9 A. M. to 12 noon & 7 to 9 P. M.

Dr. N. C. Chakravarty M. D. (Hom.) Principal M. B. Homoeo Medical College. 5, Subal Kolay Lane, Howrah. Phones : 67-2409 & 67-4878.

Dr. B. N. Chakravarty, B. Sc., (Cal.) M.B.S. (Hom) D.F.H. (Lond), L. M. (Dud.) Adviser in Homoeopathy (Govt. of W. B.) Member. Council of Homoeopathic Medicine W. B. 1, Kyd. Street, (Ground floor) Calcutta. Phone : 67-2627, 67-2409 & 67-4878.

Dr. B. N. Koley, M. B. S. (Hom.) Lecturer, M. B. Homoeo Medical College & Hospital, Chamber 170/1, Belilious Road, How. ( 8 to 10 A. M. and 6 to 8 P. M. except Sunday evening) Ph. 66-4829 Resi. 116, Belilious Road [1st floor] and 13, Natabar Paul Road, Howrah.

Dr. Sudhanwa Sircar, M. B. S. [Hom.] 201, Ramkrishnapore Lane, Howrah. [11 to 12-30 noon & 8 to 10 P. M.] Phone : 67-2351. Resi. 159, Ramkrishnapore Lane, Shibpur, Howrah-4.

Dr. Provat Kumar Gupta, M.B.S. [Hom] Prof and Ex-Senior House Physician D. N. De H. M. College & Hospital. Modern Homoeo Clinic, 5, Belilious Road, Howrah [6 to 8 p. m.] Resi. 16/8/1, Haldar para Lane, Howrah-4.

Dr. Moni Bhusan Bose, M. B. S. (Hom) Lecturer of M. B. Homœopathic Medical College & Hospital38/39/1, Kasinath Chatterjee Lane, Shibpur Howrah. 8-30 to 9-30 p. m. C7/13 Tulashi Charan Mitra Garden Lane, 8 a. m. to 12 noon.

Dr. R. R. Joardar, M. B. S. [Hom] Dip M.S. II [Munic] Joardar Clinic [Oposite Parbati] 229, N. S. Road, Howrah-1 (8 a. m. to 1 p.m.)

67-3460. At Calcutta—2b, Panditia Road, Calcutta-29 (6 p.m. to 9 p.m.)

Dr. Arun Kumar Mitra, Homœo Lovers' Clinic, 121, Narasingha Dutta Road, Howrah-711101 (Hours : 9 to 11 a m. and 6 to 9 p.m.) except Sunday evening.

Dr. Bankim Chandra Kumar, D. M. S. (Cal.) Ex-Senior House Surgeon of M.B.H.M. College and Hospital. Resi. 12, Mahadeb Banerjee Lane, Howrah. Cham—Kumar Arogya Niketan, 20, Makardha Road, Kadamtala, Howrah. Time : 8 to 11 a.m. and 6 to 9 p.m. Except Sunday Evening and Monday.

Dr. Tukaram Pal, D.M.S. (Cal.) F.P. (trd.) Ex-Senior House Surgeon of Calcutta Homoeopathic Medical College & Hospital. Chamber—6/1, Kaipukur Lane, Shibpur, Howrah-2. Hours—9-12 Noon and 6-9 p.m. (Except Sunday Evening).

Dr. B. Bhattacharya, M.B.H.S., F.P. Trained (Medalist) Ch.—290, Netaji Subhas Road, Howrah-1. (Hours—10 a.m. to 12-30 p.m. & 7 to 10 p.m.) Resi. 13/P/3, Gadadhar Mistry 2nd Bye Lane, P.O. Santragachi, Howrah-4. (Hours—7 to 8 a.m.) Phone : 67-4340.

Dr. S. Bhattacharya, D.M.S. (Cal), F.P. Trd. Resi.—13/P/3, Gadadhar Mistry 2nd Bye Lane, Howrah-4. (Hours—7 to 8 a.m.) Chamber—290, Netaji Subhas Road, Howrah-1 (Hours—7 to 10 p.m.) Phone : 67-4340.

## FOR CORRESPONDENCE

Postal Address : Post Box No. 67, Howrah-711101.

Club Secretary's Office : Dr. Arun Kumar Mittra, 62/1, Netaji Subhas Road, Howrah-1. (Phone No. 67-2627) Club Office Hours : Every Tuesday and Saturday (from 3 to 5 P.M.) Residence : 30/3A, N. S. Dutta Road, Howrah-1.

Editor : Dr. Nirmal Kumar Sircar, (Dial : 67-3455 from 4 to 7 P.M.) 235, P. T. Road, Howrah-1.

For General Informations : Dr. R. K. Ghosh Mondal, 2, Panchanantala Road, Howrah-1. (Dial : 67-3970) (2—3 P.M. & 8—10 P.M.)

# NOTICE

*(Members only)*

We have much pleasure to announce that we are going to have **monthly discussion meeting** at 1, Kyd Street, Calcutta-16 at 5 P. M. On the fourth Sunday of every month. In this month of May it will be held on 28th.

Speaker : Dr. B. N. Chakrabarty, B. Sc., M. B. S. (Hom)
D. F. H. (Lond.) LM (Dub.)

Subject : **How to repertorisation.**

**Club Constitution** is now available for members only and one copy in exchange of one rupee, please collect your copy immediately from the club office (from 3 to 5 P. M. on every Tuesday and Saturday).

Sd/- **Arun Kumar Mittra**
General Secretary
Homoeo Medical Club West Bengal.

May—1978
Vol. 14. No. 3
Registration No. WB/HWH—1

Price Rupee One only
Annual Subscription Rs. 10·00
Regd. No. R. N. 11979/65

সবারে করি আহ্বান :

হাওড়া জেলা সমন্বয় সমিতি কর্তৃক আহূত

মহাত্মা হ্যানিম্যান জন্মোৎসব ও
হোমিওপ্যাথিক চিকিৎসক সম্মেলনের
সাফল্য কামনা করি।

"হোমিও মেডিক্যাল ক্লাব ওয়েষ্ট বেঙ্গল"

Chief Editor : Dr. N. K. Sarkar.

Published monthly by Dr. Arun Krmar Mittra, General Secretary, Homœo Medical Club West Bengal of 62/1, Netaji Subhas Road, Howrah-1, and Printed by Dr. R. K. Ghosh Mondal.